

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৪৪১

৬/ মুসাফির ব্যক্তির সালাত ও তা কসর করার বর্ণনা (كتاب صلاة المسافرين وقصرها)

পরিচ্ছেদঃ ৬/২৭. রাতের সালাতে কিরাআত লম্বা করা মুস্তাহাব।

استحباب تطويل القراءة في صلاة الليل

আরবী

حديث عَبْدِ اللهِ بْنِ مَسْعُودِ رضي الله عنه، قَالَ: صلَّيْتُ مَعَ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْكُ فَلَمْ يَزَلْ قَائِمًا حَتَّى هَمَمْتُ بِأَمْرِ سَوْءٍ؛ قِيلَ لَهُ: وَمَا هَمَمْتَ قَالَ: هَمَمْت أَنْ أَقْعُدَ وَأَذَرَ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

88১. 'আবদুল্লাহ্ (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, রাতে আমি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে সালাত আদায় করলাম। তিনি এত দীর্ঘ সময় দাঁড়িয়ে থাকলেন যে, আমি একটি মন্দ কাজের ইচ্ছে করে ফেলেছিলাম। (আবূ ওয়াইল (রহ.) বলেন) আমরা জিজেস করলাম, আপনি কি ইচ্ছে করেছিলেন? তিনি বললেন, ইচ্ছে করেছিলাম, বসে পড়ি এবং নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর ইক্তিদা ছেড়ে দেই।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১৯ : তাহাজ্জুদ, অধ্যায় ৯, হাঃ ১১৩৫; মুসলিম, পর্ব ৬ মুসাফির ব্যক্তির সালাত ও তা কসর করার বর্ণনা, অধ্যায় ২৭, হাঃ ৭৭৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন